গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১৮.০৩.০২৫.১৩.৩১৪

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২৭
২১ মে ২০২০

বিষয়: **সুপার সাইক্লোন 'আম্পান' এর প্রভাব মোকাবেলায় প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্তসমূহ।**

উপর্যুক্ত বিষয়ে জানাচ্ছি যে, আবহাওয়া অধিদপ্তর কর্তৃক উপকূলীয় অঞ্চলে সুপার সাইক্লোন 'আম্পান' আঘাত হানার পূর্বাভাস ঘোষণা করতঃ পায়রা ও মংলা সমুদ্র বন্দরসহ সংলগ্ন জেলায় ১০ নং মহাবিপদ সংকেত এবং চট্টগ্রাম ও কক্সবাজার সমুদ্র বন্দরসহ সংলগ্ন জেলায় ৯ নং মহাবিপদ সংকেত জারি করা হয়েছে। সুপার সাইক্লান 'আম্পান' এর প্রভাবে ৬-১০ ফুট উচ্চতার জলোচ্ছাস হতে পারে মর্মে আশঙ্কা করা হচ্ছে। 'আম্পান' এর প্রভাবে মাছ, গবাদিপশু এবং হাঁসমুরগির ক্ষয়ক্ষতিসহ মৎস্য ও প্রাণিসম্পদ খাতে এর বিরুপ প্রভাব পরার সম্ভাবনা রয়েছে।

২.০। অদ্য ২০/০৫/২০২০ তারিখ মন্ত্রণালয়ের সভাকক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সুপার সাইক্লোন **'আম্পান'** এর প্রভাব মোকাবেলায় প্রস্তুতিমূলক ভার্চুয়াল সভার সিদ্ধান্ত সমূহ নিম্নে উল্লেখ করা হলো।

**<u>সুপার সাইক্লোন 'আম্পান' এর প্রভাব মোকাবেলায় প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্তসমূহ:</u>**

১। লোকজনকে সুপার সাইক্লোন আম্পান এর ভয়াবহতা সম্পর্কে বুঝিয়ে তাদের গবাদি পশুকে সাইক্লোন শেল্টার/ নিরাপদ আশ্রয়ে নেওয়ার ব্যবস্থা করতে হবে।

২। মৎস্য ঘেরসমূহ জাল দিয়ে উচুঁ করে ঘিরে রাখার বিষয়ে চাষীদের পরামর্শ দিতে হবে।

৩। গবাদি পশুর জীবন বাঁচানোর জন্য কাজ করতে হবে।

৪। স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ করে গবাদিপশুর জন্য বরাদ্দকৃত খাদ্য যাতে প্রকৃত খামারীদের কাছে পৌছে তার ব্যবস্থা করতে হবে।

৫। এখনও যে সকল নৌযান নিরাপদ আশ্রয়ে ফিরে আসেনি তাদেরকে ফিরিয়ে আনার ব্যবস্থা করতে হবে।

৬। উদ্ভূত সমস্যা তাৎক্ষণিকভাবে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

৭। মাঠপর্যায়ে সার্বক্ষনিক মনিটরিং জোরদার করতে হবে।

৮। কর্মকর্তা কর্মচারীগণ কর্মস্থলে থেকে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করবেন। বিশেষ কারণে কর্মস্থল ত্যাগের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

৯। ঘুর্ণিঝড়ের প্রভাবে ক্ষয়ক্ষতির তালিকা অতি দ্রুততার সঙ্গে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

১০। দুর্যোগকালীন/দুর্যোগ পরবর্তীকালে প্রয়োজনে অধিদপ্তরগুলো রাজস্বখাত/প্রকল্প থেকে ত্রান সহায়তা দেয়ার ব্যবস্থা করবে।

১১। প্রান্তিক পর্যায়ের ভ্রাম্যমান মাছ, দুধ, ডিম বিক্রয়কেন্দ্রগুলোর কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

১২। হ্যাচারীগুলোতে পোনা ও হাঁস-মুরগির বাচ্চা উৎপাদন অব্যাহত রাখতে হবে যাতে দুর্যোগ পরবর্তীকালে ক্ষতিগ্রস্থদের সরবরাহ দেয়া যায়।

১৩। উপদ্রুত এলাকায় টিকা প্রদান, চিকিৎসা, কৃত্রিম প্রজনন, পরামর্শ প্রদানসহ কারিগরি সহায়তা অব্যাহত রাখতে হবে।

৩.০। এমতাবস্থায় উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২১-৫-২০২০
রওনক মাহমুদ
সচিব

বিতরণ :
১) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর
২) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১৮.০৩.০২৫.১৩.৩১৪/১(৯)

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২৭ / ২১ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
২) অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ-২ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৩) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৪) অতিরিক্ত সচিব, মৎস্য অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৫) যুগ্ম-সচিব, ব্লু-ইকোনমি অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৬) যুগ্মপ্রধান, পরিকল্পনা অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৭) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৮) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)

২১-৫-২০২০
ড.অমিতাভ চক্রবর্ত্তী
উপসচিব